# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মন্ত্রণালয়/বিভাগের নামঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

## সংস্থার নামঃ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা

| ক্রমিক নং: | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | ক্লাউড স্টোরেজ টেকনোলজি বাস্তবায়ন | ক্লাউড টেকনোলজির মাধ্যমে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তথ্য সংরক্ষণের জন্য Government Cloud Drive সেবাটি চালু করা হয়েছে। সেবাটি বাপশনিক এর সেবা প্রদান প্রতিশ্রুতির আভ্যন্তরীণ সেবার অন্তর্ভূক্ত এবং ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিজিটাইজকৃত সেবা হিসেবে চালু করা হয়েছে। বাপশনিক এর প্রসাশনিক ও সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ও বৃহৎপরিসরের তথ্যসমূহ এই টেকনোলজির মাধ্যমে স্বল্প ব্যয় ও নিরাপদে সংরক্ষণ করে গুণগত মানসম্পন্ন ই-সেবা নিশ্চিত করা সম্ভব হবে বিধায় সেবাটির মাধ্যমে কর্তৃপক্ষের তথ্য সংরক্ষণ, শেয়ার ও পুনঃব্যবহারের সুযোগ তৈরি হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | https://drive.egovcloud.gov.bd/index.php/login | |
| ২. | বাপশনিক এর অনুকূলে জনবল নিয়োগের জন্য অনলাইনে আবেদন গ্রহন। | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক-নং ১.১.১ এর বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে বাপশনিক এর সিটিজেনস চার্টারভুক্ত জনবল নিয়োগ প্রদান সংক্রান্ত সেবা (সিটিজেনস চার্টার এর ৪ নং নাগরিক সেবা)-কার্যক্রমকে অনলাইনভিত্তিক করে সেবা সহজীকরণ করা হয়েছে। এর ফলে বাপশনিক এর শূণ্য পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে দেশের সকল নাগরিককে স্ব স্ব যোগ্যতা অনুযায়ী চাকুরিতে আবেদনের সুযোগ প্রদানের ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণের প্রক্রিয়াটি টেলিটকের মাধ্যমে অনলাইন ভিত্তিক করা হয়েছে। আবেদনপত্র ডাকযোগে গ্রহণের পরিবর্তে অনলাইনে গ্রহণের ফলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত লিংকের মাধ্যমে একজন আবেদনকারী সহজেই আবেদন ফরম পূরণসহ টেলিটকের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে | এই সেবা সহজীকরণের দ্বারা বাপশনিক এর অনুকূলে ১২ ক্যাটাগরিতে অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করে বর্তমানে নিয়োগ | হ্যাঁ | http://baera.teletalk.com.bd | |

| ক্রমিক নং: | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | পারবেন। ফলে আবেদনকারীদের Time, Cost ও Visit (TCV) হ্রাস পেয়েছে। | প্রক্রিয়া চলমান রয়েছে। | | | |
| ৩. | BAERA apps. | নাগরিক সেবা সহজীকরণ ও ডিজিটাল সেবা তৈরির লক্ষ্যে মোবাইল ভিত্তিক BAERA apps ডেভেলপমেন্ট করা হয়েছে। BAERA apps ডেভেলপমেন্ট এর কাজটি ৩টি phase এ পর্যায়ক্রমে সম্পন্ন করা হবে। এক্ষেত্রে ২০২১-২২ এর কর্ম-পরিকল্পনার জন্য BAERA apps এর Phase-I বাস্তবায়নের বিষয়টি সেবা সহজীকরণ ও ডিজিটাল সেবা হিসেবে নির্বাচন করে কর্ম-পরিকল্পনায় উল্লেখিত সময়সীমার মধ্যে তা বাস্তবায়ন করা হয়েছে। উল্লেখ্য যে, Phase-I এ বাপশনিক এর বিদ্যমান ওয়েবসাইট এর অন্তর্ভুক্ত সামগ্রিক তথ্য BAERA apps এ সংযোজন করা করা হয়। ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখ হতে "BAERA" apps চালু করা হয়েছে। এ্যাপসটি Google Play Store থেকে ডাউনলোড করা যাচ্ছে। | কারিগরি মান উন্নয়নের জন্য সফটওয়্যারের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | কারিগরি মান উন্নয়নের জন্য সফটওয়্যারের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | https://play.google.com/store/apps/details?id=com.baeragovt.baera | |
| ৪. | Virtual Inspection. | বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ কর্তৃক এক্স-রে স্থাপনার পরিদর্শন কার্যক্রমটি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় এবং IAEA এর Graded approach অনুযায়ী Virtual Inspection দ্বারা ডিজিটাল সেবা হিসেবে ২০২০-২১ অর্থবছরে চালু করা হয়।<br>বিকিরণ স্থাপনার নিয়ন্ত্রণমূলক পরিদর্শন এর ক্ষেত্রে বাপশনিক এর পরিদর্শনকারী কর্মকর্তাগণ দেশব্যাপী অবস্থিত বিভিন্ন বিকিরণ স্থাপনায় স্ব-শরীরে গমন করে বিকিরণ সুরক্ষা বিষয়াদি সরেজমীন পরিদর্শন করে থাকেন। কিন্তু, বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর আপদকাল মোকাবেলায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণসহ দেশের সার্বিক অবস্থা বিবেচনা করে এবং IAEA এর Graded approach অনুযায়ী এক্স-রে স্থাপনার পরিদর্শন কার্যক্রমটি স্ব-শরীরে সম্পাদনের এর পাশাপাশি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে Virtual ভাবেও সম্পাদন করা হয়। এক্ষেত্রে, এক্স-রে কক্ষের যন্ত্রপাতি ও বিকিরণ সুরক্ষা ব্যবস্থা যাচাই করার জন্য নির্ধারিত নির্দেশিকা অনুযায়ি তথ্য ও ছবি এবং ভিডিও চিত্র ধারণ করে ইমেইলের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বাপশনিক কে প্রেরণ করে। উল্লেখিত তথ্যাদি বিশ্লেষণ করে ‘কোভিড মহামারি ও সংক্রমণ ঝুঁকির অবসান হলে বাপশনিক কর্তৃক সরেজমীন পরিদর্শন করা হতে পারে এবং পূর্বে প্রদত্ত | বর্তমানে IAEA এর Graded approach অনুযায়ী প্রয়োজন অনুযায়ি প্রযোজ্য ক্ষেত্রে কার্যক্রমটি পরিচালনা করা হচ্ছে। | হ্যাঁ | - | |

| ক্রমিক নং: | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | তথ্যের অসামঞ্জস্যতা দেখা গেলে আইন ও বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে'- শর্তে লাইসেন্স প্রদানের বিষয়টি বিবেচনা করা হয়। | | | | |
| ৫. | On-line permit verification. | বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগের পারমিট এর প্রাথমিক যাচাইকরণ কার্যক্রমটি ই-মেইলের মাধ্যমে প্রদান করে সেবা সহজীকরণ হিসেবে ২০২০-২১ অর্থবছরে চালু করা হয়েছে।<br>বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ কর্তৃক বাপশনি আইন-২০১২ ও পানিবিনি বিধিমালা-১৯৯৭ অনুযায়ী বিকিরণ উৎস ও বিকিরণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে প্রবেশ এবং দেশ হতে বহির্গমন এর জন্য আমদানী/রপ্তানী লাইসেন্স সহ আমদানী/রপ্তানী পারমিট এবং এনওসি প্রদান করা নিয়ন্ত্রণমূলক কর্মকান্ডের একটি অন্যতম অংশ । উক্ত কর্মকান্ড সম্পাদনের ক্ষেত্রে পারমিটের আবেদনের সাথে বিধি অনুযায়ী প্রদত্ত সকল প্রকার তথ্য মূল্যায়নপূর্বক পারমিট ইস্যু প্রক্রিয়া সম্পন্ন করতে প্রয়োজনীয় সময়সীমা কমিয়ে আনা তথা পারমিট প্রদান প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক একটি Fast Track Service (FTS) বিদ্যমান রয়েছে। এই সেবার আওতায়, প্রতিটি পারমিট সংক্রান্ত আবেদনপত্র সংশ্লিষ্ট নথিতে উপস্থাপনের পূর্বে আবেদনপত্রের সাথে প্রদত্ত সকল তথ্য একজন বিজ্ঞানী/প্রকৌশলী কর্তৃক প্রাথমিক ভাবে যাচাই করা হয় এবং আবেদনপত্রে বিধি মোতাবেক প্রয়োজনীয় তথ্যের কোন ঘাটতি আছে কি না তা নির্ধারণ করা হয়। যদি আবেদনপত্রে কোন ঘাটতি থাকে তবে তা তৎক্ষণাৎ সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করা হয় যাতে দ্রুত এই বিষয়ে পদক্ষেপ নেওয়া সম্ভব হয়। পরবর্তীতে উল্লেখিত ঘাটতি পূরণপূর্বক পূর্ণাঙ্গ আবেদনপত্রটি গৃহীত হয় এবং পারমিট প্রদান কার্যক্রম শুরু করা হয়। ইতিপূর্বে এই FTS টি না থাকায় আবেদনপত্রসমূহ নথির মাধ্যমে উপস্থাপনের পর সংশ্লিষ্ট কর্মকর্তা দ্বারা মূল্যায়িত হতো। পরবর্তীতে যে কোন ঘাটতি থাকলে তা চিঠি মারফত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করা হতো যা অত্যন্ত সময় সাপেক্ষ ছিল এবং এর ফলে পারমিট প্রদান প্রক্রিয়া বিলম্বিত হত। এতে সেবাগ্রহীতাদের দুর্ভোগ বৃদ্ধি পেত এবং Time, Cost, Visit বৃদ্ধি পেত।<br>Fast Track Service (FTS) কে অধিকতর সহজীকরণ করে বিদ্যমান ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি পারমিট আবেদনের প্রাথমিক যাচাই | হ্যাঁ | হ্যাঁ | - | |

| ক্রমিক নং: | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | প্রক্রিয়া ইমেইলের মাধ্যমেও প্রদান করা হচ্ছে। এতে সেবাগ্রহীতাদের এই সেবা প্রাপ্তির জন্য বাপশনিক ভবনে স্ব-শরীরে উপস্থিত হতে হচ্ছে না এবং তারা নিজ নিজ কর্মস্থল হতেই সহজে সেবাটি প্রাপ্ত হচ্ছেন এবং Time, Cost, Visit হ্রাস পেয়েছে। | | | | |
| ৬. | Inventory Management system of BAERA. | ২০১৯-২০ অর্থবছরে কর্তৃপক্ষে ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে যার মাধ্যমে কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের মাঝে আভ্যন্তরীন মালামাল বন্টনের অনুমোদন প্রক্রিয়া অন-লাইনের মাধ্যমে সম্ভব হচ্ছে এবং একটি ডিজিটাল সেবা বাস্তবায়ন হয়েছে। | কারিগরি মান উন্নয়নের জন্য সফটওয়্যারের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | কারিগরি মান উন্নয়নের জন্য সফটওয়্যারের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | http://203.78.146.122/admin/login | |
| ৭. | On-line Regulatory Inspection System of BAERA for RNPP Construction Site. | রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণকার্যক্রম পরিদর্শনের জন্য একটি On-line Regulatory Inspection System চালুকরণ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২০১৮-২০১৯ সালের বাস্তবায়িত ডিজিটাল সেবা। এর মাধ্যমে RNPP সংক্রান্ত পরিদর্শন কার্যক্রম কর্তৃপক্ষের মনিটরিং কক্ষ হতে রাশিয়ান এবং IAEA এর বিশেষজ্ঞদের উপস্থিতিতে অন-লাইনে তদারকি করা হয়।<br>এই প্রক্রিয়ায় রূপপুর কনস্ট্রাকশন সাইটে কর্তৃপক্ষের নিযুক্ত জনবল দ্বারা চলমান নির্মাণ কার্যক্রম এর ছবি ও তথ্য ই-মেইল এর মাধ্যমে কর্তৃপক্ষে তদারকির জন্য প্রেরণ করা হয়। এছাড়াও ওয়েবক্যাম এর মাধ্যমে ভিডিও কনফারেন্স দ্বারা কর্তৃপক্ষ হতে পরিদর্শন কার্যক্রম তদারকি করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | - | |
| ৮. | on-line secured channel. | রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র সংক্রান্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং গোপনীয় তথ্য review & assessment এর জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে রাশিয়ার VO “Safety” মধ্যে একটি ”on-line secured channel” স্থাপন করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | - | |